

# ধর্মীয় অসহিষ্ণুতা

## পিতামাতা, পরিচর্যাকারী এবং শিক্ষার্থীদের জন্য তথ্য

### আমাদের অঙ্গীকার

বিভাগটি শিক্ষার্থী, তাদের পরিবার এবং স্কুল সম্প্রদায়ের সাংস্কৃতিক, ভাষাগত, ধর্মীয় এবং আধ্যাত্মিক বৈচিত্র্যকে স্বীকৃতি দেয়, মূল্য দেয় এবং সম্মান করে। আমরা NSW সরকারী স্কুলগুলোতে সকল ধরণের বৈষম্য দূর করতে প্রতিশ্রুতিবদ্ধ।

## ধর্মীয় অসহিষ্ণুতা কী?

ধর্মীয় অসহিষ্ণুতা হলো যখন কেউ তার ধর্ম, ধর্মবিশ্বাস, বিশ্বাস বা আধ্যাত্মিকতার কারণে অন্যদের সাথে খারাপ, অন্যায্য আচরণ কবে অথবা ভিন্ন আচবণ কবে।

## শিক্ষার্থীরা কীভাবে ধর্মীয় অসহিষ্ণুতার অভিযোগ জানাতে পারে

যেসব শিক্ষার্থী ধর্মীয় অসহিষ্ণুতার শিকার হয় তাদের উচিত শিক্ষক বা স্কুল কর্মীদের কাছে এটি রিপোর্ট করা। শিক্ষার্থীরা তাদের স্কুলের ওয়েবসাইটে যোগাযোগের বিবরণ ব্যবহার করে তাদের স্কুলে ফোন বা ইমেল করতে পারে।

কখনও কখনও ধর্মীয় অসহিষ্ণুতার একটি বর্ণগত উপাদান থাকে। স্কুল কর্মীদের যেকোনো সদস্য বা স্কুলের <u>বর্ণবাদ-বিরোধী</u> <u>যোগাযোগ কর্মকর্তা</u> (Anti-Racism Contact Officer) এর কাছে বর্ণবাদের অভিযোগ করা যেতে পারে। আরও তথ্যের জন্য <u>বর্ণবাদের প্রতিবেদন</u> (Reports of racism) এবং <u>বর্ণবাদ-বিরোধী নীতি</u> (Anti-racism policy) পৃষ্ঠাগুলো দেখুন।

## শিক্ষার্থীদের জন্য কী ধরণের সহায়তা পাওয়া যায়?

ধর্মীয় অসহিষ্ণুতার অভিজ্ঞতা বা সাক্ষী থাকা শিক্ষার্থীদের উপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে। শিক্ষার্থীদের জন্য তথ্য এবং পরিষেবা নিম্নলিখিত ওয়েবসাইটগুলোতে পাওয়া যাবে:

- শিক্ষার্থীদের জন্য মানসিক স্বাস্থ্য সহায়তা (Mental health support for students)
- <u>শিক্ষার্থী বুলিং বিরোধী পৃষ্ঠা</u> (Student anti-bullying pages)

### কিভাবে পিতামাতা, পরিচর্যাকারী এবং সম্প্রদায়ের সদস্যরা ধর্মীয় অসহিষ্ণুতার অভিযোগ জানাতে পারেন

অভিভাবক, পরিচর্যাকারী এবং সম্প্রদায়ের সদস্যরা নিজেরা অথবা শিক্ষার্থীর সম্মতিতে তাদের পক্ষ হয়ে ধর্মীয় অসহিষ্ণুতার অভিযোগ দাযেব কবতে পাবেন।

ধর্মীয় অসহিষ্ণুতার ঘটনাটি যে স্কুলে ঘটেছে সেখানে রিপোর্টটি জমা দিতে হবে। অভিভাবক এবং পরিচর্যাকারীরা স্কুলের ওয়েবসাইটে থাকা যোগাযোগের বিবরণ ব্যবহার করে ইমেল বা ফোনের মাধ্যমে ব্যক্তিগতভাবে রিপোর্ট করতে পারেন।

স্কুলের সাথে যোগাযোগ করার সময় যদি আপনার সাহায্যের জন্য একজন দোভাষীর প্রয়োজন হয়, তাহলে 131 450 নম্বরে টেলিফোন দোভাষী পরিষেবাতে কল করুন এবং অপারেটরকে আপনার প্রয়োজনীয় ভাষা এবং আপনি যে ফোন নম্বরে কল করতে চান তা জানান। এই পরিষেবার জন্য আপনাকে কোনও মূল্য দিতে হবে না।

#### পিতামাতার জন্য কী ধরণের সহায়তা পাওয়া যায়?

পিতামাতার জন্য তথ্য এবং সহায়তা নিম্নলিখিত ওয়েবসাইটগুলোতে পাওয়া যাবে:

- <u>মানসিক স্বাস্থ্য এবং সুস্থতা সহায়তা</u> (Mental health and wellbeing support)
- <u>পিতামাতার জন্য কী সহায়তা পাওয়া যায়?</u> (What support is available to parents?)

#### আরও পদক্ষেপ

আরও সহায়তার জন্য অথবা যদি আপনার মনে হয় যে অসহিষ্ণুতা পুরো সিস্টেম জুড়ে ছড়িয়ে পড়েছে, তাহলে 1300 679 332 নম্বরে কল করে ধর্মীয় অসহিষ্ণুতা হেল্পলাইনে যোগাযোগ করুন এবং অপারেটরকে জানান যে কলটি ধর্মীয় অসহিষ্ণুতা সম্পর্কিত। প্রয়োজনে টেলিফোন দোভাষী পরিষেবা ব্যবহার করুন। হেল্পলাইনটি যা করতে পারে তা হল:

- সংশ্লিষ্ট নীতি এবং পদ্ধতি সম্পর্কে তথ্য প্রদান করতে পারে
- প্রাসঙ্গিক এলাকায় প্রতিবেদন বা রিপোর্ট পাঠাতে পারে
- উপযুক্ত সহায়তা পরিষেবার সুপারিশ করতে পারে
- প্রতিবেদনগুলোর ন্যায্য সমাধান খুঁজে বের পারে।

#### অভিযোগ কবাব জন্য

শিক্ষার্থী, অভিভাবক বা পরিচর্যাকারীরা অনুবাদিত <u>অভিযোগ করার জন্য দ্রুত রেফারেন্স নির্দেশিকা</u> (quick reference guide for making a complaint) এর ধাপগুলো অনুসরণ করে অভিযোগ করতে পারেন। অভিযোগ সম্পর্কে আরও জানুন অনুবাদিত <u>সহায়তা ব্যক্তি এবং আইনজীবী</u> (support persons and advocates) পৃষ্ঠায়।

### সংশ্লিষ্ট বিভাগের নীতি

- বর্ণবাদ বিরোধী নীতি (Anti-racism policy)
- বহুসংস্কৃতির শিক্ষা নীতি (Multicultural education policy)
- শিক্ষার্থী আচরণ নীতি (Student behaviour policy)